

নারায়ণগঞ্জ মহিলা উন্নয়ন সমবায় সমিতি লি.  
(নিবন্ধন নং-৫১, তারিখ: ১৭/১২/২০১৫)  
কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট ফান্ড (সিএইচডিএফ), নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪৬.১৬.৬৭০০.০১২.০৩.১৫/২১-১১

তারিখঃ ০৭/০৩/২০২৩ খ্রি.


“নিয়োগ বিজ্ঞপ্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ইউএনডিপি ও এফসিডিও এর সহায়তায় স্থানীয় সরকার বিভাগের নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে চলমান প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নধীন ‘কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট ফান্ড (সিএইচডিএফ) / ‘নারায়ণগঞ্জ মহিলা উন্নয়ন সমবায় সমিতি লি.’ এর গৃহ নির্মাণ / মেরামত ঋণ কার্যক্রম বাস্তবায়নের জন্য অস্থায়ী ভিত্তিতে ০৬ মাসের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	যোগ্যতা
১.	সি.এইচ.ডি.এফ. ম্যানেজার মাসিক বেতনঃ সর্বসাকুল্যে ২০,০০০/= টাকা	০১	ক) কমপক্ষে বি.কম. / বি.এ/ বিএসসি অথবা ডিপ্লোমা (সিভিল) ইঞ্জিনিয়ারিং পাশ। খ) প্রান্তিক জনগোষ্ঠী সংগঠিতকরণ, দক্ষতা উন্নয়ন, সঞ্চয় ও ঋণ কার্যক্রম, ভৌত অবকাঠামো উন্নয়ন ইত্যাদি কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা। গ) নগর দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন অথবা নগর দরিদ্র হ্রাসকরণ প্রকল্পে কাজ করার অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ঘ) উন্নয়ন সংস্থা ও সরকারের সাথে কাজ করার অভিজ্ঞতা।
২.	সি.এইচ.ডি.এফ. অফিস সহকারী মাসিক বেতনঃ সর্বসাকুল্যে ১৫,০০০/= টাকা	০১	ক) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) অথবা সমমান ডিগ্রী পাশ। তবে হিসাব বিভাগে উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। খ) প্রান্তিক জনগোষ্ঠী সংগঠিতকরণ, দক্ষতা উন্নয়ন, সঞ্চয় ও ঋণ কার্যক্রম, ভৌত অবকাঠামো উন্নয়ন ইত্যাদি কাজে কমপক্ষে ১ (এক) বছরের অভিজ্ঞতা। গ) নগর দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়ন অথবা নগর দরিদ্র হ্রাসকরণ প্রকল্পে বা ক্ষুদ্র ঋণ পরিচালনকারী প্রতিষ্ঠানে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ঘ) উন্নয়ন সংস্থা ও সরকারের সাথে কাজ করার অভিজ্ঞতা।

আবেদনের নিয়মাবলী এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলীঃ

১. অত্রহী সকল প্রার্থীকে সংযুক্ত আবেদন ছক পূরণ সহ ০১ সেট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আগামী ১৯/০৩/২০২৩খ্রি. তারিখের মধ্যে শিল্প ঠিকানায় ডাক যোগে/ সরাসরি জমা করতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর সচল মোবাইল নম্বর ও ই-মেইল আইডি স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে। নির্ধারিত সময়ের পরে আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
২. ঘামের উপর প্রার্থীত পদের নাম উল্লেখ করতে হবে।
৩. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
৪. ১৯/০৩/২০২৩খ্রি. তারিখে ম্যানেজার পদে আবেদনকারী প্রার্থীর বয়স ১৮-৪০ বছর এবং অফিস সহকারী প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর হতে হবে।
৫. শুধুমাত্র নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার স্থায়ী বাসিন্দা আবেদন করতে পারবেন (নারী প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন)।
৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
৭. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের মূল কপি সঙ্গে রাখতে হবে।
৮. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ডাকযোগে/ মোবাইল ফোন / ই-মেইলের মাধ্যমে জানানো হবে।
৯. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।



শাহিদুল ইসলাম  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন  
ফোনঃ ৭৬৩৩৪২৩



তারিখঃ / / ২০২৩খ্রিঃ

বরাবর

প্রধান নির্বাহী কর্মকর্তা

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিষয়ঃ** ..... পদে নিয়োগের জন্য আবেদন।

জনাব

যথাবিহীত সম্মান পূর্বক নিবেদন এই যে, গত ০৭ মার্চ ২০২৩ খ্রিঃ তারিখে “.....” প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এফসিডিও-ইউএনডিপি এর যৌথ অংশীদারীত্বে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় বাস্তবায়নাধীন “**প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের**” আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত “**কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট ফান্ড-সিএইচডিএফ**” এর গৃহ ঋণ কার্যক্রম বাস্তবায়নের জন্য ..... পদে লোক নিয়োগ করা হবে। আমি উক্ত পদের একজন যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে নিম্নে আমার শিক্ষাগত যোগ্যতাসহ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত ও আনুষঙ্গিক কাগজপত্র মহোদয়ের নিকট উপস্থাপন করছি।

১। আবেদনকারীর নামঃ

২। পিতার নামঃ

৩। মাতার নামঃ

৪। বর্তমান ঠিকানাঃ

৫। স্থায়ী ঠিকানাঃ

৬। জন্ম তারিখঃ

৭। জাতীয়তাঃ

৮। জাতীয় পরিচয় পত্র / জন্ম নিবন্ধন নম্বরঃ

৯। বৈবাহিক অবস্থাঃ

১০। ধর্মঃ

১১। মোবাইল নাম্বারঃ

১২। ই-মেইল আইডিঃ

১৩। রক্তের গ্রুপঃ

১৪। শিক্ষাগত যোগ্যতাঃ

পরীক্ষার নাম	গ্রুপ / বিষয়	বোর্ড / বিশ্ববিদ্যালয়	পাশের সন	প্রাপ্ত গ্রেড / শ্রেণী

১৫। পেশাগত কাজের পূর্ব-অভিজ্ঞতা (সংক্ষেপে):

অতএব, মহোদয়ের নিকট বিনীত আবেদন এই যে, উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনাপূর্বক উক্ত পদের একজন প্রার্থী হিসেবে আমাকে পরবর্তী ধাপে অংশগ্রহণের সুযোগ প্রদানে আপনার মর্জি হয়।

বিনীত

(-----)

**স্বাক্ষরঃ**

১। পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি রঙিন ছবি

২। সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের সত্যায়িত কপি।

৩। সকল অভিজ্ঞতা সনদপত্রের কপি।

৪। নাগরিকত্ব সনদপত্র (কাউন্সিলর কর্তৃক অনুমোদিত)।

৫। জাতীয় পরিচয় পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।